অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/14/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

ম্যানহাটনে ব্ল্যাকআউটের পর বিদ্যুৎ সরবরাহ সম্পূর্ণভাবে পুনরুদ্ধার হয়েছে বলে ঘোষণা করেছেন গভর্নর কুওমো

কন এড (Con Ed) চেয়ারম্যান জন ম্যাকঅ্যাভয়ের সাথে যে সাবস্টেশনের কারণে সরবরাহ ব্যাহত হয় তা ঘুরে দেখেছেন এবং সাংবাদিকদের সাথে বৈঠক করেছেন

পাবলিক সার্ভিস কমিশনকে (Public Service Commission, PSC) ঘটনার তদন্ত করার নির্দেশ দিয়েছেন

সরবরাহ ব্যাহত হবার সময় ওয়েস্ট সাইড ট্রাফিককে সাহায্য করার জন্য 200 জন ট্রুপার নিয়োগ করেছেন

আঞ্চলিক স্টক পাইল থেকে 50টি লাইট টাওয়ার নিয়োগে করবে হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরী সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে মিডডাউন ম্যানহাটানের বিস্তৃত বিদ্যুৎ সরবরাহ সম্পূর্ণরূপে পুনরুদ্ধার করা হয়েছে মিডটাউন ম্যানহ্যাটানে। সাইটে একটি ব্রিফিং এর পরে, গভর্নর কন এড চেয়ারম্যান জন ম্যাকআয়ভয়ের সাথে ঘাটতি সৃষ্টি করে যে সাবষ্টেশনটি, তা ঘুরে দেখেন এবং একটি প্রেস ব্রিফিং অনুষ্ঠিত করেন। গভর্নর ওয়েস্ট সাইডে 200 জন ট্রুপার নিয়োগ করেছিলেন, যাতে সরবরাহ ব্যাহত হওয়ার সময় ট্র্যাফিক চলাচল পরিচালনা করা যায় এবং প্রয়োজনমত অন্যান্য অবস্থানে নিযুক্ত করা যায়। গভর্নর জরুরী ব্যবস্থাপনার অফিস (Office of Emergency Management), অগ্নি সংক্রান্ত সুরক্ষা ও নিয়ন্ত্রণ এবং গণ পরিষেবা কমিশন থেকে বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন এলাকাগুলিতে কর্মী নিয়োগ করার জন্য নির্দেশ দিয়েছেন। এছাড়াও, আঞ্চলিক স্টক পাইলস থেকে 50টি লাইট টাওয়ার নিয়োগ করছে হোমল্যান্ড সিকিউরিটি এবং জরুরী পরিষেবার বিভাগ।

"বিদ্যুৎ সংযোগ পুনরুদ্ধার করা হলেও, এখনও কিছু ট্র্যাফিক সিগনাল আছে যা কাজ করছে না, তাই যদি আপনার বাইরে যাবার আকান্তই প্রয়োজন না থাকে তাহলে বাইরে না যাবার পরামর্শ দেবো আমরা আপনাকে", **গভর্নর কুওমো বলেন।** "আমি সমস্ত সঙ্কটকালীন কর্মীদের প্রশংসা করতে চাই যারা চমৎকার কাজ করেছেন। নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York Police Department, NYPD), রাজ্য পুলিশ, রাজ্য বিদ্যুৎ কর্মকর্তা, সকল সঙ্কটকালীন কর্মী। এটি আরো খারাপ হতে পারতো। যখন আপনি নিউ ইয়র্ক শহরের মত একটি শহরের কথা বলেন, যার একটি

উল্লেখযোগ্য অংশের বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন, তা খুব বিশৃঙ্খলাময় পরিস্থিতি হতে পারে। আসলে আমরা তার বিপরীতটাই দেখলাম। আমরা নিউ ইয়র্কবাসীদের তাদের সেরা রুপেই দেখলাম।"

"যদিও এই পরিস্থিতি সৌভাগ্যবশত নিয়ন্ত্রণ করা গেছিল, এটি যে আদৌ ঘটেছে সেটাই অগ্রহণযোগ্য", **গভর্নর কুওমো আরো বলেন**। "আজ রাতের বিদ্যুৎ বিচ্ছিন্ন হবার কারণ সম্পর্কে আমি PSCকে পূর্ণাঙ্গ ও পুঙ্খানুপুঙ্খ তদন্ত করার নির্দেশ দিয়েছি এবং এই ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয় তা নিশ্চিত করতে আমরা সব পক্ষকে দায়বদ্ধ রাখব।"

একটি ট্রান্সমিশন লাইনের সমস্যার ফলে, মিডটাউন ম্যানহাটান এবং আপার ওয়েস্ট সাইডের একটি অংশে একটি বিস্তৃত ব্ল্যাকআউট ঘটেছে। সর্বোচ্চ পর্যায়ে বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হওয়া গ্রাহকদের সংখ্যা প্রায় 72,000 এ পৌঁছেয় এবং A, C, D, F এবং M লাইনগুলিতে সাবওয়ে পরিষেবা ব্যাহত হয়। গভর্নর রাজ্য পুলিশ, MTA এবং পাবলিক সার্ভিস কমিশনকে এই ঘটনার প্রতি প্রতিক্রিয়া জানাবার জন্য কর্মী এবং সংস্থান নিয়োগ করার নির্দেশ দিয়েছিলেন এবং কন এডের সাথে স্থায়ী যোগাযোগ রাখতে বলেছিলেন। এছাড়াও গভর্নর পাবলিক সার্ভিস বিভাগকে (Department of Public Service) সরবরাহ ব্যাহত হবার কারণ তদন্ত করার নির্দেশ দেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন